দৈনিক জনকণ্ঠ

JAN 31 2002

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# রাজনৈতিক কারণে সাড়ে তিন শ' বেসরকারী স্কুলে কম্পিউটার বিতরণ অনিশ্চিত

**আহমেদ দীপু** ॥ রাজনৈতিক কারণে মাধ্যমিক পর্যায়ের সাড়ে তিন শ' বেসরকারী স্কুলে কম্পিউটার বিতরণ অনিশ্চিত হয়ে পড়েছে। আওয়ামী লীগ সরকারের সময় প্রণীত ৩৫০টি স্কুলের তালিকা যাচাই-বাছাই করার নামে সরকার প্রকল্পটির অধীনে বিতরণকাজ স্থগিত রেখেছে। ফলে এসব স্কুলের লক্ষাধিক ছাত্রছাত্রী আধুনিক প্রযুক্তি সম্পর্কে জ্ঞানলাভের সুযোগ থেকে হচ্ছে বঞ্চিত।

স্কুল পর্যায়ে কম্পিউটার সম্পর্কে পাঠদান কার্যক্রম চালু করার লক্ষ্যে আওয়ামী লীগ সরকার মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার কোর্স প্রবর্তনে সহায়তা প্রদান নামে একটি প্রকল্প চালু করে। এই প্রকল্পের অধীনে গত সরকার দু'দফায় বিভিন্ন স্কুল এবং টিচার্স ট্রেনিং কলেজে মোট ৫১১টি কম্পিউটার বিতরণ করে। সরকার তার শেষ সময়ে ঐ প্রকল্পের অধীনে তৃতীয় দফায় সাত শ' কম্পিউটার বিতরণের উদ্যোগ নেয়, কিন্তু সময়ের অভাবে বিতরণ কাজ শেষ করতে পারেনি। এর অংশ হিসাবে শুধু সাড়ে তিন শ' স্কুলের নাম চূড়ান্ত করে গেছে। বর্তমান সরকার ক্ষমতায় আসার পর পরই ঐ সব স্কুলে কম্পিউটার বিতরণ স্থগিত করে দিয়েছে। জানা গেছে, স্কুলের নতুন তালিকা তৈরির পর এ প্রকল্পের আওতায় কম্পিউটার বিতরণ কাজ শেষ করা হবে। কবে নাগাদ এ কাজ সম্পন্ন হবে তা কেউ বলতে পারছেন না।

গত সরকার তৃতীয় দফায় স্কুলের তালিকা তৈরির জন্য বিভিন্ন এলাকার সংসদ সদস্যদের কাছে তার এলাকার স্কুলের নাম দিতে বলা হয়েছিল। এর আগে যেসব স্কুলে দেয়া হয়েছে সেগুলোর নাম বাদ

***যাচাই-বাছাই করার নামে প্রকল্পটির অধীনে বিতরণকাজ স্থগিত রেখেছে সরকার***

দিয়ে তৎকালীন সংসদ সদস্যগণ বিভিন্ন এলাকার বেশ কিছু স্কুলের নাম পাঠায়। এখান থেকে সাড়ে তিন শ' নাম চূড়ান্ত করা হয়। চূড়ান্ত তালিকা অনুযায়ী সংশ্লিষ্ট স্কুলের শিক্ষকদের ডাকা হয় প্রশিক্ষণের জন্য। এ অবস্থায় বর্তমান সরকার তালিকা যাচাই-বাছাইয়ের নামে কাজ স্থগিত রাখার নির্দেশ দেয়। সূত্র জানায়, ধারণা করা হচ্ছে গত সরকারের রেখে যাওয়া তালিকা বর্তমান সরকারের মনোপূত হচ্ছে না। কাজেই তাঁরা নতুনভাবে তালিকা তৈরি করতে পারে– যার বিপরীতে সমস্ত আনুষ্ঠানিকতা শেষ করে কম্পিউটার বিতরণ করা হতে পারে। তবে যেহেতু স্কুল চূড়ান্ত করার বিষয়টি দীর্ঘ প্রক্রিয়ার সে কারণে কবে নাগাদ এ প্রক্রিয়া শেষ হবে এবং বিতরণ করা শুরু হবে কম্পিউটার, তা এখনই চূড়ান্ত করে বলা যাচ্ছে না। ফলে বিষয়টি অনিশ্চয়তার মুখে পড়েছে।

তৃতীয় দফায় মোট সাত শ' কম্পিউটার বিতরণের সিদ্ধান্ত নিয়েছিল গত সরকার। এর মধ্যে যেসব স্কুলের বার্ষিক রেজাল্ট ভাল, বিজ্ঞান বিভাগ রয়েছে, পাকা ভবন রয়েছে এবং বিদ্যুত সুবিধাপ্রাপ্ত স্কুলগুলোতে কম্পিউটার দেয়ার জন্য চিহ্নিত করার নির্দেশ দেয়া হয়। কিন্তু এলাকাভিত্তিক রাজনীতির কারণে সংসদ সদস্যগণ এ দফায় কোন্ স্কুল রেখে কোন্ স্কুলের নাম পাঠাবেন তা নির্ধারণ করতে সময় ক্ষেপণ করেছেন। এছাড়া তালিকাভুক্ত স্কুলগুলোর ক্ষেত্রে অবশ্যই উল্লিখিত সুবিধাসমূহ থাকতে হবে। অন্যথায় চূড়ান্ত তালিকা থেকে নাম বাদ দেয়া হবে। এ অবস্থায় নির্বাচনের বছর তৎকালীন সংসদ সদস্যগণ সাত শ' স্কুলের নাম পাঠাতে পারেননি। যা পাঠিয়েছেন সেখান থেকে সাড়ে তিন শ' নাম চূড়ান্ত করা হয়। ফলে অবশিষ্ট সাড়ে তিন শ' স্কুলের নাম তারা চূড়ান্ত করে যেতে পারেননি। এ কারণে বর্তমান সরকার ক্ষমতায় এসেই সাড়ে তিন শ' স্কুলের নাম চূড়ান্ত এবং তাতে কম্পিউটার বিতরণের সুযোগ পেয়েছিল। কিন্তু সে সুযোগ না নিয়ে সাত শ' স্কুলের নামই জোট সরকারের এমপিগণ চূড়ান্ত করবেন– এই রাজনৈতিক ইগোর কারণেই শিক্ষার্থীদের কম্পিউটার পাওয়ার বিষয়টি অনিশ্চিত হয়ে পড়েছে।

গত সরকার এই প্রকল্পের আওতায় প্রথম দফায় ১১৫টি স্কুল, দ্বিতীয় দফায় ৩৯৬টি স্কুলে কম্পিউটার বিতরণ করেছে। তৃতীয় দফায় সাত শ' স্কুলে দেয়ার সিদ্ধান্ত নিয়েছিল। কিন্তু সিদ্ধান্ত পরিপূর্ণভাবে বাস্তবায়ন করতে পারেনি। আংশিক কাজ করে যায় তারা। বর্তমান সরকার গত সরকারের ঐ রেখে যাওয়া কাজটুকু যাচাই-বাছাই করার নামে পুরো প্রকল্পটির গতিই থামিয়ে দিয়েছে।